



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
সঞ্চয় শাখা
www.ird.gov.bd



স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৪১.২২.০০১.২০.১৬

তারিখ: ১০ চৈত্র ১৪২৮
২৪ মার্চ ২০২২

বিষয়: ডাকঘর সঞ্চয় ব্যাংক সাধারণ হিসাব ও মেয়াদী হিসাবে বিনিয়োগের উর্ধ্বসীমা পুনঃনির্ধারণ সার্কুলারের স্পষ্টীকরণ।

সূত্র: ডাক অধিদপ্তরের পত্র নং-১৪.৩১.০০০০.০৫৪.২২.০০২.১৮/১৪৩, তারিখঃ ১২-১০-২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ডাকঘর সঞ্চয় ব্যাংকের সাধারণ হিসাব ও মেয়াদী হিসাবে বিনিয়োগের উর্ধ্বসীমা পুনঃনির্ধারণ সংক্রান্ত এ বিভাগের ২০-০৫-২০২০ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০০১.২০.৮ নম্বর প্রজ্ঞাপনের বিষয়ে নিয়োক্তভাবে নির্দেশক্রমে স্পষ্টীকরণ প্রদান করা হলোঃ

(ক) উর্ধ্বসীমা পুনঃনির্ধারণের আদেশ জারির তারিখ ২০-০৫-২০২০ খ্রিঃ এর পূর্বে সঞ্চয় হিসাবসমূহে পূর্বের আদেশ মোতাবেক জমাকৃত ৩০ লক্ষ টাকার এক মেয়াদ মুনাফা প্রাপ্য হবেন।

(খ) আদেশ জারির তারিখের পূর্বে সঞ্চয় হিসাবসমূহে জমাকৃত অর্থ আদেশ জারির তারিখের পূর্বে স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগ সুবিধার আওতায় পড়লে পূর্বের বিনিয়োগসীমা অর্থাৎ ৩০ লক্ষ টাকা কার্যকর হবে। পূর্বের বিনিয়োগসীমা বারংবার স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগ সুবিধার আওতায় পড়বে না। স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগের ক্ষেত্রে পুনঃবিনিয়োগের তারিখে বিদ্যমান বিনিয়োগের উর্ধ্বসীমা প্রযোজ্য হবে।

(গ) মেয়াদী হিসাবের মুনাফাসহ উর্ধ্বসীমা অতিক্রম করলে অতিক্রান্ত মুনাফার টাকা স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগ সুবিধার আওতায় পড়বে না; তা মুনাফাবিহীন পড়ে থাকবে।

(ঘ) সাধারণ হিসাবে ২০-০৫-২০২০ খ্রিঃ তারিখের পূর্বে যাদের ৩০ লক্ষ টাকা জমা আছে তারা ৩০ লক্ষ টাকার উপর মুনাফা প্রাপ্য হবেন।

২৪-৩-২০২২

দীপক কুমার বিশ্বাস

উপ সচিব

ফ্যাক্স: ০২-৯৫৪০৩০৩

মহাপরিচালক (গ্রেড-১)

মহাপরিচালক এর দপ্তর

ডাক অধিদপ্তর